গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
(করনীতি শাখা)

নথি নং- ০৮.০১.০০০০.০৩১.০১.০০৪ (অংশ-১) ২০১১

তারিখ : ০৯ জুন, ২০১৫ খ্রিঃ
২৬ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ

বিষয়: বণ্টননামা দলিলে রেজিস্ট্রেশনকালে আয়কর অধ্যাদেশ ১৯৮৪-এর ৫৩ এইচ ধারায় উৎসে আয়কর আদায় প্রসঙ্গে।

সূত্র: আপনার ০৭/০৬/২০১৫ খ্রিষ্টাব্দ তারিখের পত্র।

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

০২। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 53H ধারায় Registation Act 1908 এর ধারা ১৭ এর উপধারা (I) এর ক্লজ (b), (c) ও (e) তে উল্লেখিত রেজিষ্ট্রেশনের ক্ষেত্রে উৎসে আয়কর আদায়ের বিধান করা হয়েছে। বণ্টননামা দলিল সম্পাদনের বিষয়টি উল্লিখিত ক্লজ (b), (c) ও (e) এর আওতাভুক্ত নয় বিধায় উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তি বণ্টনকালে বণ্টনামা দলিল সম্পাদনের ক্ষেত্রে 53H ধারার উৎসে আয়কর আদায়যোগ্য নয়।

০৩। তাছাড়া, একই দলিলের মাধ্যমে ভাইবোন, মা-বাবা, পিতা-পুত্র-কন্যা বা স্বামী স্ত্রীর নামে যৌথমালিকানায় ক্রয়কৃত জমি এর মালিকদের মধ্যে দলিল অনুযায়ী বন্টনকালে বণ্টননামা দলিল সম্পাদনের ক্ষেত্রে 53H ধারায় উৎসে আয়কর আদায়ের প্রযোজ্যতা নেই।

সেহেলী সিদ্দিকা
দ্বিতীয় সচিব (কর আইন-২)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

জনাব
তাহমিদ হাসনাত খান
বাড়ি নং- ১৮, রোড নং-১৬
সেক্টর- ১১, উত্তরা, ঢাকা

নথি নং: ০৮,০১,০০০০.০৩১,০১,০০৪ (অংশ-১) ২০১১ তারিখ: ০৯/০৬/২০১৫

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে
০১। সাব-রেজিস্ট্রার, মুন্সিগঞ্জ সদর, মুন্সিগঞ্জ।
০২। মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন পরিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা।

(সেহেলী সিদ্দিকা)
দ্বিতীয় সচিব (কর আইন-২)
ফোন: ৮৩৯১৬১৫